

এইচএসসি পরীক্ষা

স্মার্টফোন রাখায় এক কেন্দ্রের ৩২ পরীক্ষার্থী বহিষ্কার

■ সমকাল প্রতিবেদক

এইচএসসি পরীক্ষার কেন্দ্রে স্মার্টফোন রাখার দায়ে রাজধানীর আরমানীটোলায় আহমেদ বাওয়ানী একাডেমি স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রের ৩২ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তারা সবাই সোহরাওয়ার্দী কলেজের ছাত্র। একই কারণে হাজী সেলিম কলেজের এক ছাত্রকেও বহিষ্কার করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে ইংরেজি প্রথম পত্র পরীক্ষার সময় তাদের বহিষ্কার করা হয়। এ ঘটনায় এই দুই কলেজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে (কেন্দ্র সচিব) তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ কক্ষের দায়িত্বে থাকা কর্মকর্তা উপসচিব আবু আলম মো. সাজ্জাদ হোসেন গতকাল বিকেলে সমকালকে এ তথ্য জানান।

গত ২ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে। এদিকে কল্যাণপুর থেকে ডুয়া প্রশ্নপত্র ফাঁস চক্রের সদস্য মাহফুজুর রহমানকে গ্রেফতার করেছে রাব। গতকাল ভোরে কল্যাণপুরের মদিনাতুল উলুম মাদ্রাসা সংলগ্ন ৩৭ নম্বর বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। এই বাসায় তিনি ভাড়া থাকেন। রাব জানিয়েছে, মাহফুজ এবার এইচএসসি পরীক্ষার ডুয়া প্রশ্নপত্র সরবরাহ করেছিলেন।